**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :**- তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921**।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 FEBRUARY 2026 ,SATURDAY | ৭ ফেব্রুয়ারি ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-68


## বাংলার বাড়ি গ্রামীণ দ্বিতীয় পর্যায়ে ময়নাগুড়ি ব্লকে নতুন ঘর পাচ্ছেন ৩৯১০ জন




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, জলপাইগুড়ি, ৬ ফেব্রুয়ারি : শুক্রবার ময়নাগুড়ি ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক প্রসেনজিৎ কুন্ডু বাংলার বাড়ি গ্রামীণ দ্বিতীয় পর্যায় বিষয়ক একটি সাংবাদিক বৈঠক করেন। এদিন তিনি জানান, বাংলার বাড়ি গ্রামীণ দ্বিতীয় পর্যায়ে ময়নাগুড়ি ব্লকে ৩৯১০ জন উপভোক্তা রয়েছেন। ওই দিনেই উপভোক্তাদের একাউন্টে টাকা পাঠানো শুরু হয়েছে বলে জানা গিয়েছে। ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই বাংলার বাড়ি গ্রামীণ দ্বিতীয় পর্যায়ের প্রথম কিস্তি ৬০ হাজার টাকা ৩৩৮৮ জনের একাউন্টে পাঠানো হয়েছে। বাকি ৪৭৭ জনের একাউন্টেও সেই টাকা আগামী সোমবারের মধ্যে ঢুকে যাবে। ৪৫ জনের একাউন্টের সমস্যা ছিলো সেগুলি সংশোধন করে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিডিও। প্রথম কিস্তির টাকা পাওয়ার পর ঘর নির্মাণের কাজ শুরু করার নির্দেশ দিয়েছেন প্রশাসন। আগামী ৪৫ দিনের মধ্যে প্রশাসনিক নির্দেশ মেনে ঘরের কাজ শুরু করলে দ্বিতীয় কিস্তির টাকা পাঠানো শুরু হবে বলে জানা গিয়েছে। এছাড়া, বাংলার বাড়ি গ্রামীণ প্রকল্পে ঘর নির্মাণের পাশাপাশি যাদের শৌচালয় নেই তাদের বাড়িতে শৌচালয় নির্মাণ করে দেওয়া হবে। ইতিমধ্যেই এই বিষয়ে সরাসরি মুখ্যমন্ত্রী, পঞ্চায়েত এবং ব্লক প্রশাসনের একটি হেল্প লাইন নম্বর চালু করা হয়েছে। বিডিও অফিসে করা হয়েছে একটি কন্ট্রোল রুম।

## পূর্ব বর্ধমানে এক অবর বিদ্যালয় পরিদর্শকের উপর হামলার প্রতিবাদে জলপাইগুড়িতে বিক্ষোভ




নিজস্ব সংবাদদাতা, এই যুগ ,জলপাইগুড়ি, ৬ ফেব্রুয়ারি : পুর্ব বর্ধমানে এক অবর বিদ্যালয় পরিদর্শক এর উপর হামলার প্রতিবাদে পশ্চিমবঙ্গ বিদ্যালয় পরিদর্শক সমিতি জলপাইগুড়ি শাখার সদস্যরা শুক্রবার জলপাইগুড়িতে বিক্ষোভ প্রদর্শন করেন। তারা জানান বৃহস্পতিবার পূর্ব বর্ধমান জেলার আঝাপুর উচ্চ বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার অফিসার ইনচার্জ তথা জামালপুর পূর্ব চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক প্রশান্ত কবিরাজের উপর হামলা চালায় ঐ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীদের একাংশ। এই হামলায় জড়িতদের কঠোর শাস্তির প্রতিবাদে এদিন অবর বিদ্যালয় পরিদর্শক সমিতির জলপাইগুড়ি শাখার সদস্যরা প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন।

## ১৫ বছরেও ফাউলাই ভাতা বাড়েনি চা শ্রমিকদের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ ফেব্রুয়ারি : বামফ্রন্টের আমলে ফাউলাই ভাতা ১০০০ থেকে দেড় হাজার টাকা করা হয়েছিল। প্রতিবছর কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার বাজেট পেশ করলেও ফাউলাই ভাতা বাড়েনি বাজেটে। গত কয়েকদিন আগে অভিষেক ব্যানার্জি বন্ধ চা বাগানে এসে সভা করে গেছেন এরই মধ্যে রাজ্যের বাজেট পেশ হলেও চা শ্রমিকদের জন্য কিছুই করেননি রাজ্য সরকার। বামফ্রন্ট আমলে ফাওলাই ভাতা যা ছিল এখনো সেই ভাতাই রয়েছে। এবারও বাজেটে সিভিক ভলেন্টিয়ার আশা কর্মী অঙ্গনওয়াড়ি কর্মী দের ভাতা বাড়ানো হয়েছে। লক্ষ্মীর ভান্ডার প্রকল্পে ৫০০ টাকা বাড়ানো হলেও বন্ধ চা শ্রমিকদের ফাউলাই ভাতা বাড়ানো হয়নি। উত্তরের চা শ্রমিকরা বঞ্চিত রাজ্য বাজেট পেশ হওয়ার পরেও।

## শিলিগুড়িতে উদ্ধার দুশো কেজি গাঁজা ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি , ৬ ফেব্রুয়ারি : শিলিগুড়ি পুলিশএর স্পেশাল টাস্ক ফোর্স গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার দুপুরে ফুলবাড়ি জটিয়াখালি মোড়ে সন্দেহজনক একটি ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় তেরোটি প্লাস্টিকের বস্তায় বোঝাই গাঁজা।উদ্ধার হওয়া গাঁজার পরিমান প্রায় দুশো কেজি যার বাজার মূল্য আনুমানিক চল্লিশ লক্ষ টাকা। গ্রেপ্তার করা হয় গাড়িতে থাকা তিনজনকে। উদ্ধার করা গাঁজা সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করা হয়। ধৃতদের নাম বাবুল হোসেন, রাহুল ইসলাম ও সাদ্দাম হোসেন, তিনজনেরই বাড়ি কোচবিহারে। এস টি এফ সূত্রে জানা গেছে ধৃতরা এই গাঁজা শিলিগুড়িতে পাচারের উদ্দ্যেশ্যে কোচবিহার থেকে নিয়ে আসছিলো। শিলিগুড়িতে পাচারের আগেই ধরা পড়ে যায় গাঁজা সহ পাচারকারীরা। সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তাদের শনিবার জলপাইগুড়ি জেলা আদালতে পেশ করা হবে। এস টি এফ ঘটনার তদন্ত শুরু করেছে।

# কোহিনুর চা বাগান এলাকায় লাগাতার দুর্ঘটনা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ ফেব্রুয়ারি : কোহিনুর হাসপাতাল সংলগ্ন এলাকায় প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা । বৃহস্পতিবার গভীর রাতের দুর্ঘটনার পর শুক্রবার আবার ওই এলাকায় দুর্ঘটনা ঘটেছে জানা গেছে শুক্রবার সন্ধ্যা ছয়টা নাগাদ। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে রাতের বেলায় কোহিনুর হাসপাতালের সামনে লোহার পাইপ দিয়ে বেরিগেট লাগানো থাকে সাধারণ মানুষের যাতায়াত বন্ধ থাকার জন্য। কিন্তু রাতে কোন প্রহরী থাকে না কিংবা আলোর কোন ব্যবস্থা নেই। ফলে লাগাতার ভাবে একের পর এক দুর্ঘটনা ঘটেই চলেছে ওই এলাকায়। শুক্রবারে ফের এক দুর্ঘটনার কবলে পড়েন এক বাইক আরোহী। রীতিমতো মদ খেয়ে কোহিনুর চা বাগানের পাশে গাড়ি নিয়ে ছিটকে পড়ে তিনি। এরপরেই পুলিশ তাকে উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যায়।

# ডুয়ার্সের চা বাগানে হাতির হানা



সুমিত কান্তি সরকার, এই যুগ, জলপাইগুড়ি, ৬ ফেব্রুয়ারি : ডুয়ার্স-এর বিভিন্ন বনাঞ্চলে হাতির উপদ্রব হামেশাই চোখে পরে। সাতসকালে হাতির হানায় চাঞ্চল্য ছড়াল ডুয়ার্সের মাটিয়ালি ব্লকের বড়দিঘি চা বাগানে। বৃহস্পতিবার রাতে পার্শ্ববর্তী লাটাগুড়ি বনাঞ্চল থেকে একটি হাতি বেরিয়ে লোকালয়ে চলে আসে এবং সটান ঢুকে পড়ে বাগানের ম্যানেজারের বাংলো চত্বরে।বাংলোর নিরাপত্তারক্ষীরা প্রথম হাতিটিকে দেখতে পান। আকস্মিক এই ঘটনায় বাংলোর কর্মীদের মধ্যে প্রবল আতঙ্ক ছড়িয়ে পড়ে। যদিও স্বস্তির বিষয় এই যে, বেশ কিছুক্ষণ বাংলো চত্বরে ঘুরে বেড়ালেও হাতিটি কোনো ক্ষয়ক্ষতি করেনি। কিছু সময় পর নিজেই আবার বনের দিকে ফিরে যায় সেটি।স্থানীয় সূত্রে জানা গেছে, বড়দিঘি চা বাগানটি লাটাগুড়ি বনের কোল ঘেঁষে হওয়ায় মাঝেমধ্যেই এখানে হাতি ঢুকে পড়ে। এর আগেও একাধিকবার এই ম্যানেজার বাংলোটি হাতির হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছিল। বন্যপ্রাণের এমন ঘনঘন আনাগোনায় আতঙ্কিত হয়ে পড়েছেন চা বাগানের শ্রমিক ও বাসিন্দারা।

# কন্টেনারের সঙ্গে ভুটানের ছোট গাড়ির সংঘর্ষে গুরুতর জখম ৪



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ ফেব্রুয়ারি : শুক্রবার কুমারগ্রাম ব্লকের পশ্চিম চকচকা চৌপথীতে ৩১ নম্বর সি জাতীয় সড়কে কন্টেনারের ধাক্কায় গুরুতর জখম হলেন ভুটানের একটি ছোট গাড়িতে থাকা ৪ জন। জানা গিয়েছে, ভুটানের ছোট গাড়িটি জাতীয় সড়ক ধরে আলিপুরদুয়ারের দিকে যাচ্ছিল। পশ্চিম চকচকা চৌপথীতে আচমকাই সেটি নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়কের উত্তর দিকের অংশে চলে যায়। সেসময় আলিপুরদুয়ারের দিক থেকে আসা একটি কন্টেনার ছোট গাড়িকে সজোরে ধাক্কা মারে এবং পালিয়ে যায়। দুর্ঘটনায় ছোট গাড়ির সামনের অংশ দুমড়েমুচড়ে যায়। গাড়িতে থাকা ৪ জনকে গুরুতর জখম অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। ছোট গাড়িটি আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ।

# স্বাস্থ্যকর খাবার তৈরির প্রশিক্ষন



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৬ ফেব্রুয়ারি : আলিপুরদুয়ার পৌরসভার উদ্যোগে ও ভারত সরকারের ফুড সেফটি এন্ড স্ট্যানডার্ড এর সহায়তায় শুক্রবার পৌরসভার প্রেক্ষাগৃহে আয়োজিত হয় শহরের খাবারের দোকানদারদের প্রশিক্ষন কর্মসূচি। এই কর্মসূচিতে শহরের রাস্তার পাশে যারা বিভিন্ন ধরনের খাবার তৈরি ও বিক্রি করেন এবং যাদের খাবারের দোকান বা হোটেল আছে তাদেরকে পরিচ্ছন্ন ভাবে স্বাস্থ্যকর খাবার তৈরির প্রশিক্ষন দেওয়া হয়। শুধু তাই নয় খাবারে সঠিকভাবে তেল মশলা ব্যবহার করে কিভাবে খাবারকে সুস্বাদু ও রুচি সম্মত করা যায় সেসব বিষয়েও তাদের প্রশিক্ষন দেওয়া হয়। আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর জানান দীর্ঘদিন ধরেই অভিযোগ আসছিলো যে খাবারের দোকানগুলিতে অস্বাস্থ্যকর ও অপরিচ্ছন্নভাবে খাবার তৈরি ও বিক্রি করা হচ্ছে যা খেয়ে অনেকেই অসুস্থ হয়ে পড়েছেন। এই অভিযোগ পেয়ে স্বাস্থ্যকর ও পরিচ্ছন্নভাবে যাতে খাদ্য প্রস্তুতকারী তথা বিক্রেতারা খাদ্য তৈরি, বিক্রি ও পরিবেশন করেন তার জন্যই এই কর্মসূচি। তিনি আরও জানান ছোটো খাদ্য ব্যবসায়ী থেকে বড়ো ব্যবসায়ী সকলকে ফুড এন্ড সেফটি লাইসেন্স নিতে হবে ও ছোট খাবারের দোকানদাররা যাতে সরকারি ঋন গ্রহন করতে পারেন সে বিষয়ে পৌরসভা উদ্যোগ গ্রহন করবে। শহরের চারশ পঞ্চাশ জন খাদ্য বিক্রেতা এদিনের কর্মসুচীতে অংশ গ্রহন করেন।

# এশিয়ান হাই রোডে দুর্ঘটনায় মৃত্যু একজনের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ ফেব্রুয়ারি : এশিয়ান হাইরোডে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন এক ব্যক্তি। আহত এক। সীমান্ত শহর জয়গাঁ সংলগ্ন জিএসটি মোড় এলাকার ঘটনা। স্থানীয় সূত্রে খবর, নিয়ন্ত্রণ হারিয়ে এই সড়কের ধারে দাঁড়িয়ে থাকা একটি ট্রাককে সজোরে ধাক্কা মারে একটি ছোট গাড়ি।এ ঘটনায় গাড়িতে থাকা দুজনকে গুরুতর অবস্থায় নিকটবর্তী হাসপাতালে নিয়ে এলে রবি দেওয়ান নামে এক ব্যক্তিকে মৃত বলে ঘোষণা করা হয়।অপরদিকে, আহত অবস্থায় চিকিৎসাধীন ধীরাজ ছেত্রী বলে এক ব্যক্তিও।ভুটানগামী এশিয়ান হাইরোডে এমন ঘটনা এই প্রথম নয়। অভিযোগ, প্রশাসনের নজরের সামনেই একপ্রকার সড়কের ধার দখল করে দাঁড়িয়ে থাকে সারি সারি ট্রাক। রাতের অন্ধকারে কোনো সিগন্যালও থাকে না সেই পার্কিংয়ে।ফলে গত কয়েকবছরে বারংবার এমন দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন একাধিক মানুষ।কবে প্রশাসনের হুশ ফিরবে এবং এই মৃত্যু মিছিল থামবে সেই প্রশ্নই সকলের।

# হাসপাতালে বসে পরীক্ষা দিল মাধ্যমিক পরীক্ষার্থী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ ফেব্রুয়ারি : মাধ্যমিক পরীক্ষা চলাকালীন অসুস্থ দুই ছাত্রী।চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে দিল পরীক্ষা।অলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের ঘটনা। হাসপাতাল সূত্রে খবর, শুক্রবার পরীক্ষা চলাকালীন অসুস্থ হয়ে যায় কোয়েল সূত্রধর ও অঞ্জলি লোহারা নামে ইউনিয়ন একাডেমি গার্লসের দুই ছাত্রী। দুজনেরই পরীক্ষাকেন্দ্র ছিল শংকর নেপালি স্কুলে।এরপর খবর পেয়ে দুই ছাত্রীকে হাসপাতালে নিয়ে আসা এবং চিকিৎসাধীন অবস্থায় বর্তমানে তারা হাসপাতালেই পরীক্ষা দিচ্ছেন বলে জানান হাসপাতাল কতৃপক্ষ।মাধ্যমিক শুরুর পর এখনও পর্যন্ত চারজন পরীক্ষার্থী অসুস্থ হয়ে হাসপাতালে এসেছে বলে সূত্রের খবর। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক অনুপম সরকার জানান, গতবারের তুলনায় এবছর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থীদের অসুস্থ হওয়ার সংখ্যা কিছুটা বৃদ্ধি পেয়েছে।চিন্তায় বা প্রস্তুতিতে ঘাটতির জন্য এমনটা মূলত হতে পারে।তবে সকলেই বর্তমানে স্থিতিশীল।

# পাচারের পথে উদ্ধার প্রচুর খয়ের কাঠ ,বাজেয়াপ্ত দুটি গাড়ি ,গ্রেপ্তার ছয়



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৬ ফেব্রুয়ারি : বৃহস্পতিবার রাতে আলিপুরদুয়ার জেলার পুঁটিমারিতে অভিযান চালিয়ে বিপুল পরিমান খয়ের কাঠ উদ্ধার করেন বন কর্মীরা। জানা গেছে বন কর্মীরা খবর পান যে এলাকায় খয়ের কাঠ পাচারে সক্রিয় রয়েছে একটি পাচার চক্র। এ খবর পাওয়ার পর থেকেই বন কর্মীরা এলাকায় নজরদারি শুরু করেন। বৃহস্পতিবার রাতে নজরদারি চালানোর সময় বন দপ্তরের জলদাপাড়া দক্ষিন রেঞ্জের কর্মীরা পুঁটিমারিতে দুটি সন্দেহভাজন গাড়ী আটক করে তল্লাশী চালান। গাড়ি দুটির মধ্যে একটি বড় ক্যান্টার গাড়ি আর অপরটি ছোট চার চাকার গাড়ি। বন কর্মীদের অনুমান ছোট গাড়িটি বড় গাড়িটিকে এস্কর্ট করে নিয়ে আসছিলো। তল্লাশীতে ক্যান্টার গাড়ি থেকে উদ্ধার হয় প্রচুর পরিমান খয়ের কাঠ। উল্লেখ্য পানের সাথে যে খয়ের খাওয়া হয় তা এই কাঠ থেকেই তৈরি হয়, শুধু তাই নয়, এই খয়ের কাঠ এর নির্যাস দামী রঙ তৈরিতেও ব্যবহার হয়।ডুয়ার্স এর জঙ্গল সহ উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায় প্রচুর খয়ের গাছ জন্মায়। বর্তমানে অসাধু কারবারীদের দৌরাত্মে খয়ের গাছের সংখ্যা কমে এসেছে। খয়ের কাঠ উদ্ধার করে গাড়ি দুটি বাজেয়াপ্ত করেন বন কর্মীরা। গাড়িতে থাকা ছয় জনকে ধরা হয়। ধৃতরা হলো যশপাল (৫৩), রোহিত (২৩) দুজনেই হিমাচল প্রদেশের বাসিন্দা, মহম্মদ সোহেল (৩১) ও সোহেল রানা (২৪) দুজন কোচবিহারের বাসিন্দা, স্বপন দাস (৩৪) জলপাইগুড়ির এবং মনু কুমার (২৫) বিহারের বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে বন ও বন্য প্রাণী আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার তাদের আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হবে। এদের সাথে বাংলাদেশ সহ দেশের বিভিন্ন রাজ্যের পাচার চক্রের সম্পর্ক আছে কিনা তার তদন্ত শুরু করেছেন বন কর্মীরা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |